ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪
টেলিফোন নম্বর: (০৭২১)-৭৫০৭৯৮, ফ্যাক্স : +৮৮০-৭২১-৭৫০৯৩৫
E-mail : registrar@ ruet.ac.bd, ওয়েবসাইট: www.ruet.ac.bd

স্মারক নং- ২৪৮৫

তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ।

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি সংক্রান্ত ৬ষ্ঠ তালিকা এবং গত ১৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ভর্তিকৃত প্রার্থীদের চূড়ান্ত বিভাগ বন্টন

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির জন্য গত ১৭ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে **শুধুমাত্র ইউআরপি বিভাগে ভর্তির জন্যে** সারণী-১ এর মেধাক্রম ১৯৫১ হতে ১৯৬২ পর্যন্ত মোট ১২ (বারো) জনকে ভর্তির জন্য নির্বাচিত করা হলো। এছাড়া ১৯৬৩ হতে ২০৫০ পর্যন্ত মোট ৮৮ (আটাশি) জন প্রার্থীকে **শুধুমাত্র ইউআরপি বিভাগে ভর্তির জন্যে** আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত হতে বলা হলো।

সংশ্লিষ্ট প্রার্থীদের অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবেঃ

(১) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট,
(২) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
(৩) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
(৪) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড,
(৫) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র,
(৬) সত্যায়িত ব্যতিরেকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গীন ছবি (ফরমাল পোশাকে)।

এতদ্ব্যতীত কোন অনুমোদিত প্যাথলজি হতে নিম্নলিখিত পরীক্ষাগুলো সম্পন্নপূর্বক রিপোর্ট ভর্তির দিন অত্র বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মেডিক্যাল অফিসারের নিকট জমা প্রদন করতে হবেঃ

১। HB%, ESR
২। Hbs Ag
৩। Urine for R/M/E
৪। CXR(P-A) view (Digital)

অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৪ (পুরকৌশল ভবন)- এ নির্ধারিত কমিটির নিকট সনদসমূহ যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। অন্য প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রার্থীদের উক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান)-এর নিকট হতে এই মর্মে সার্টিফিকেট আনতে হবে যে, সে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে তাকে ছাড়পত্র দেয়া হবে এবং তার সনদপত্রসমূহ ফেরৎ দেয়া হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই-এর সময় ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের (১) শিক্ষা বৃত্তান্ত, (২) ছাত্র/ছাত্রী নিবন্ধীকরণ ফরম, (৩) ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীর সনদপত্রাদি জমার ফরম ও (৪) তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরম মোট ০৪ (চার) টি ওয়েব সাইট (www.ruet.ac.bd/admission) হতে ডাউনলোড করে অবশ্যই যথাযথ ভাবে পূরণ করে সংগে আনতে হবে। বিভাগ নির্ধারণ মেধা ও পছন্দের ক্রম অনুসারে হবে। প্রাথমিক পর্যায়ে ছাত্র/ছাত্রীদেরকে যে বিভাগই প্রদান করা হোক না কেন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে তাদের মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ চূড়ান্ত করা হবে।

সনদপত্রাদি যাচাইয়ের পর একই তারিখে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা প্রদানপূর্বক তাদেরকে ভর্তি হতে হবে। ভর্তির সময় সর্বমোট ১৬,০০০/- (ষোল হাজার) টাকা লাগবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে এবং আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে খালি/শূন্য আসনে ভর্তি করা হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

১। অনবধানতাবশতঃ কোন প্রকার ভুলত্রুটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন সময় সংশোধনযোগ্য।
২। অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট খালি না থাকলে ছাত্র/ছাত্রীদের নিজ দায়িত্বে থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।

১ম বর্ষ স্নাতক (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) কোর্সে ভর্তিসনদপত্রাদি যাচাই, স্বাস্থ্য পরীক্ষা, ভর্তি, পরিজ্ঞান সভা ও ক্লাশ শুরুর তারিখ

ক্রমিক নং	ভর্তির বিবরণ	তারিখ	সময়
১।	গ্রুপ-০১ঃ ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুসারে (১) ভর্তিকৃত যে সকল ছাত্র/ছাত্রী ভর্তির সময় সনদপত্রাদি জমা দেয়নি এবং তাদের একটি নির্দিষ্ট তারিখে জমা দিতে বলা হয়েছিল কিন্তু জমা দিতে ব্যর্থ হয়েছে তাদের ভর্তি বাতিল জনিত শূন্য আসন এবং অন্যান্যভাবে খালি থাকা আসনে ভর্তির জন্য মেধাক্রম ১৯৫১ হতে ১৯৬২ পর্যন্ত মোট ১২ (বারো) জনকে **শুধুমাত্র ইউআরপি বিভাগে** ভর্তি করা হবে। গ্রুপ-১ এর ছাত্রছাত্রীদের ভর্তি ২০/০১/২০১৮ খ্রিঃ সকাল ৯.০০ টায় শুরু হবে। তবে অবশ্যই সকাল ০৯.০০ টার পূর্বে হাজির হতে হবে, অন্যথায় ভর্তির যোগ্যতা বাতিল হবে।	২০/০১/২০১৮ শনিবার	সকাল ০৯.০০ টা
	গ্রুপ-২ঃ ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে আসন খালি থাকা সাপেক্ষে মেধানুসারে নিম্নের প্রার্থীদের **শুধুমাত্র ইউআরপি বিভাগে** ভর্তির জন্যে উপস্থিত হতে বলা হলো। (১) সারণী-১ এর ১৯৬৩ হতে ২০৫০ পর্যন্ত মোট ৮৮ (আটাশি) জন। গ্রুপ-২ এর ছাত্রছাত্রীদের ভর্তি ২০/০১/২০১৮ খ্রিঃ সকাল ০৯.১৫ টায় শুরু হবে। তবে অবশ্যই সকাল ০৯.১৫ টার পূর্বে হাজির হতে হবে, অন্যথায় ভর্তির যোগ্যতা বাতিল হবে।	২০/০১/২০১৮ শনিবার	সকাল০৯.১৫ টা
২।	**পরিজ্ঞান দিবস** অনুষ্ঠানসূচীঃ **ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার অনুষদঃ-** ইইই, সিএসই, ইটিই ও ইসিই বিভাগসমূহ।	১৮/০১/২০১৮ বৃহস্পতিবার	সকাল ৮.৩০ টা হতে সকাল ১০.৩০ টা পর্যন্ত
	যন্ত্রকৌশল অনুষদঃ- এমই, আইপিই, জিসিই, এমটিই, সিএফপিই ও এমএসই বিভাগসমূহ।		সকাল ১১.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত
	পুরকৌশল অনুষদঃ- সিই, ইউআরপি, আর্কিটেকচার ও বিএমসিই বিভাগসমূহ।		দুপুর ২.৩০ টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত
৩।	ক্লাশ শুরু	২০/০১/২০১৮ শনিবার	সকাল ৮.০০ টা

(প্রফেসর ড.এস.এম. আব্দুর রাজ্জাক)
সভাপতি
১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-২০১৮
ও
ডীন, ফ্যাকাল্টি অব ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।